



বাংলাদেশ শিশু একাডেমি

সার্কিট হাউজ রোড, রাজশাহী

ফোন: ০২৫৮৮৮৫০৪০৩ bsarajshahi@gmail.com

স্মারক নং- বাশিএ/রাজ/২০২২-২৩/১৮০(১০০)

তারিখ : ২২/০৬/২০২৩খ্রি.

বিষয় : ৪ মহানগর পর্যায়ে জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা ২০২২ ও ২০২৩ (২ বছরের) আয়োজন প্রসঙ্গে।

আনন্দের সাথে জানাচ্ছি যে, প্রতি বছরের ন্যায় এ বছরও বাংলাদেশ শিশু একাডেমি, জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা ২০২২ ও ২০২৩ (২ বছরের) আগামী ১০ ও ১১ জুলাই ২০২৩ রোজ সোমবার ও মঙ্গলবার রাজশাহী মহানগর পর্যায়ে শুরু হবে।

১। মহানগর পর্যায়ে প্রথম স্থান অধিকারী শিশুরা জেলা পর্যায়ে আগামী ১৪ জুলাই ও ১৫ জুলাই ২০২৩ রোজ শূক্রবার ও শনিবার, জেলা পর্যায়ে প্রথম স্থান অধিকারী শিশুরা বিভাগীয় পর্যায়ে ২১ জুলাই ও ২২ জুলাই ২০২৩ রোজ শূক্রবার ও শনিবার এবং বিভাগীয় পর্যায়ে প্রথম স্থান অধিকারী শিশুরা জাতীয় পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ পাবে।

২। আবৃত্তির জন্য নির্ধারিত কবিতা ২০২২ ক- বিভাগের জন্য আবৃত্তির বিষয় ‘আমাদের এই বাংলাদেশ’ সৈয়দ শামসুল হক। খ- বিভাগের আবৃত্তির বিষয় ‘ঘুমপাড়ানি’ আবুল হোসেন এবং গ- বিভাগের আবৃত্তির বিষয় ‘এই অক্ষরে’ মহাদেব সাহা। আবৃত্তির জন্য নির্ধারিত কবিতা ২০২৩ ক- বিভাগের জন্য আবৃত্তির বিষয় ‘এমন যদি হতো’ সুকুমার বড়ুয়া। খ- বিভাগের আবৃত্তির বিষয় ‘প্রশ্ন’ শামসুর রাহমান এবং গ- বিভাগের আবৃত্তির বিষয় ‘মেঘনায় ঢল’ হুমায়ূন কবির।

৩। রাজশাহী মহানগর পর্যায়ে জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা আগামী ১০ ও ১১ জুলাই ২০২৩খ্রি. রোজ সোমবার ও মঙ্গলবার সকাল ৯.৩০টা

বিষয়	বিভাগ	স্থান
বঙ্গবন্ধুকে জানো বাংলাদেশকে জানো (লিখিতভাবে), উপস্থিত অভিনয়, আবৃত্তি ও ফেরাত (বাংলা তরজমাসহ)	ক+খ+গ	১০ জুলাই ২০২৩ রিভার ভিউ কালেক্টরেট হাই স্কুল
উপস্থিত বক্তৃতা ও ধারাবাহিক গল্প বলা	খ+গ	
চিত্রাংকন : ২০২২-এর জন্য প্রযোজ্য (রঙের মাধ্যম উন্মুক্ত)		
চিত্রাংকন : আমাদের স্কুল	ক	
চিত্রাংকন : পানি ও জীবন-প্রকৃতি	খ	
চিত্রাংকন : উন্নয়নের অথায়িত্রায় বাংলাদেশ	গ	
চিত্রাংকন : ২০২৩ -এর জন্য প্রযোজ্য (রঙের মাধ্যম উন্মুক্ত)		
চিত্রাংকন : আমার শহরে সবুজায়ন	ক	
চিত্রাংকন : বিজ্ঞানের দুনিয়া	খ	
চিত্রাংকন : জলবায়ু পরিবর্তন	গ	
কুটিরশিল্প বাঁশ-বেতের ব্যবহারের সামগ্রী তৈরি/মাটির কাজ	খ+গ	
বিজ্ঞানযন্ত্রের উদ্ভাবন বা বিজ্ঞান প্রজেক্ট	খ+গ	
ক্রীড়া বিষয়ক প্রতিযোগিতায় ২০২২ অংশগ্রহণকারী শিশুদের জন্মতারিখ ০১ জানুয়ারি ২০০৭ থেকে ৩১ ডিসেম্বর ২০১৪ এর মধ্যে হতে হবে। উচ্চতা ৪'-১১"-র অধিক হতে পারবে না এবং ২০২৩ অংশগ্রহণকারী শিশুদের জন্মতারিখ ০১ জানুয়ারি ২০০৮ থেকে ৩১ ডিসেম্বর ২০১৪ এর মধ্যে হতে হবে। উচ্চতা ৪'-১০"-র অধিক হতে পারবে না। ছেলে ও মেয়ে শিশুদের প্রতিযোগিতা পৃথক-পৃথকভাবে আয়োজন করা হবে। (ক্রীড়া প্রতিযোগিতার স্থান মুক্তিযুদ্ধ স্মৃতি স্টেডিয়াম, রাজশাহী সকাল ০৯.৩০মি. উপস্থিত হতে হবে)		
দাবা, ব্যাডমিন্টন, অ্যাথলেটিক্স (১০০ মিটার দৌড়+উচ্চ লাফ+দীর্ঘ লফ) ও ১০০ মিটার মুক্ত সাঁতার	ছেলে মেয়ে	১০ জুলাই ২০২৩ মুক্তিযুদ্ধ স্মৃতি স্টেডিয়াম, রাজশাহী
দেশাত্মবোধক, রবীন্দ্র, নজরুল, ভাবসংগীত, লোকসংগীত, হামদ/না'ত, উচ্চাঙ্গ সঙ্গীত, তবলা ও দোতারা/সেতার/সরদ/বাঁশি/কী-বোর্ড/বেহালা/গিটার	ক+খ+গ	১১ জুলাই ২০২৩ রিভার ভিউ কালেক্টরেট হাই স্কুল
ছড়াগান	ক+খ	
মণিপুরী, কথক, ভরত, সৃজনশীল (সাধারণ) ও লোকনৃত্য	ক+খ+গ	শিশু একাডেমি, রাজশাহী

৪। প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক প্রতিযোগীদের বাংলাদেশ শিশু একাডেমি, রাজশাহী জেলা কার্যালয়ের নির্ধারিত ছকে লিপিবদ্ধ করতে হবে। ২০২২ ও ২০২৩ সলে অধ্যয়নের শ্রেণি প্রমানের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট থেকে সনদপত্র (ফটোকপি) আগামী ০৯ জুলাই ২০২৩খ্রি. রোজ রবিবার অফিস চলাকালিন সময়ের মধ্যে নির্ধারিত ছকে নাম লিপিবদ্ধ করার জন্য অনুরোধ করা হলো।


২২.০৬.২০২৩